দৈনিক ইত্তেফাক

তারিখ ... 26 DEC 2017 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৫ ...

# নূরানী তা'লীমুল কুরআন বোর্ডের ফল প্রকাশ

■ **হাটহাজারী (চট্টগ্রাম) সংবাদদাতা**

নূরানী তা'লীমুল কুরআন বোর্ডের অধীনে দেশব্যাপী নূরানী মাদ্রাসা সমূহের কেন্দ্রীয় সনদ পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়েছে। সোমবার সকালে হেফাজতে ইসলামের আমির ও নূরানী তা'লীমুল কুরআন বোর্ডের চেয়ারম্যান আল্লামা শাহ আহমদ শফী বোর্ডের কার্যালয়ে অনলাইনে এ পরীক্ষার ফলাফল প্রকাশ করেন।

ফলাফল প্রকাশের আগে আল্লামা শাহ আহমদ শফীর হাতে কেন্দ্রীয় পরীক্ষার ফলাফল তুলে দেন বোর্ডের মহাসচিব মুফতি জসীমুদ্দীন, সাংগঠনিক সম্পাদক মাওলানা জমির উদ্দীন ও পরীক্ষা নিয়ন্ত্রক মাওলানা মুহাম্মাদ আনাস মাদানী। এ সময় মাওলানা ইব্রাহীম খলীল সিকদার, মাওলানা আবুল হাশেম, মাওলানা আনিস, মাওলানা মাসুদসহ বোর্ডের অন্যান্য কর্মকর্তা উপস্থিত ছিলেন বলে জানান মাসিক মুঈনুল ইসলাম নির্বাহী সম্পাদক সরওয়ার কামাল।

পরীক্ষা নিয়ন্ত্রক মাওলানা মুহাম্মাদ আনাস মাদানী জানান, ৮০৭টি মাদ্রাসা থেকে এবারের কেন্দ্রীয় সনদ পরীক্ষায় ৭৬ হাজার ৮৩৭ জন শিক্ষার্থী অংশগ্রহণ করেন। ওয়েবসাইটেও (www.nooraniboardctg.com) ফলাফল পাওয়া যাবে।

কার্যার্থে/অবগতি